

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১.১৮.০৪.১৪ / ৫৬

তারিখঃ ১৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ।
২৯ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ।

টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কালিহাতী, টাঙ্গাইল পরিদর্শন প্রতিবেদন


গত ১৯/১০/২০১৯ তারিখে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কালিহাতী, টাঙ্গাইল পরিদর্শন করি। পরিদর্শনকালে সুপারিনটেনডেন্ট, শিক্ষক মন্ডলী, অন্যান্য কর্মচারী এবং ছাত্র/ছাত্রীরা উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটিতে ১৮ জন কর্মরত আছেন। এর মধ্যে ১জন ইন্সট্রাক্টর টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, গফরগাঁও এ সংযুক্তিতে আছেন। এছাড়াও বিভিন্ন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হতে ১জন সহকারী শিক্ষক (ভাষা), ১জন টেইলার মাস্টার ও ১জন টেকনিক্যাল এ্যাসিস্টেন্ট সংযুক্তি উক্ত প্রতিষ্ঠানে কর্মরত আছেন।
২। প্রতিষ্ঠানটিতে ২০১৯ সালে নবম ও দশম শ্রেণীতে ভর্তিকৃত মোট ৪৫৮ জন শিক্ষার্থীর মধ্যে ছাত্র ৩৮৬ জন ও ছাত্রী ৭২ জন। টেক্সটাইল ভোকেশনালে ছাত্রী ভর্তির হার অত্যন্ত কম। স্থানীয় ভাবে প্রচার প্রচার করা হলে ভবিষ্যতে ছাত্রী ভর্তি হার বৃদ্ধি পাবে।
৩। গত ৫ বৎসরে প্রতিষ্ঠানটির এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকৃত ছাত্র/ছাত্রীদের সংখ্যা ও পাশের হারঃ

সন	পরীক্ষার্থী সংখ্যা			পাশের সংখ্যা			পাশের হার
	ছাত্র	ছাত্রী	মোট	ছাত্র	ছাত্রী	মোট	
২০১৫	৯৬	১২	১০৮	৮৮	১০	৯৮	৯১%
২০১৬	১০০	১২	১১২	৯১	১২	১০৩	৯২%
২০১৭	১১৪	১১	১০৯	৯৯	১০	১০৯	৮৭%
২০১৮	১৩০	২০	১৫০	১২০	১৯	১৩৯	৯৩%
২০১৯	১৬৪	১৭	১৮১	১৪২	১৫	১৫৭	৮৭%

টেক্সটাইল ভোকেশনালে পাশের হার সন্তোষজনক। তবে শিক্ষার মান উন্নত করতে হবে যেন পাশকৃত ছাত্র-ছাত্রীগণ ডিপ্লোমা ও বিএসসি কোর্সে ভর্তি হয়ে তাদের বস্ত্র শিক্ষা গ্রহণ করে কর্মসংস্থান হয়।

৪। সমস্যা ও সম্ভাব্য সমাধানঃ

- “১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় এই প্রতিষ্ঠান সৃষ্টি হয়েছে। ২০১৪ সন পর্যন্ত প্রকল্প হতে বেতন ভাতা পরিশোধ হয়েছে। কিন্তু জনবল রাজস্ব খাতে স্থানান্তরিত না হওয়ায় থোক বরাদ্দ হতে বেতন দেয়া হয় যা প্রতি মাসে পরিশোধ করা হয় না। উৎসব ভাতাও যথাসময়ে পাওয়া যায় না। থোক বরাদ্দ হতে বেতন দেয়া হলেও প্রতিমাসে বেতন পরিশোধের ব্যবস্থা করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার কারণে চেয়ার, বেঞ্চ, কম্পিউটার ও শিক্ষা উপকরণ প্রয়োজন। প্রাক্কলন তৈরী করে অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণ করতে হবে।
- একটি কম্পিউটার ল্যাব স্থাপন করার প্রস্তাব প্রেরণ করতে হবে।
- নিয়মিত বেতন ভাতাদি পরিশোধ করা সহ সর্বসাকুল্যের পরিবর্তে স্কেল ভিত্তিক বেতন ভাতাদি প্রদানের বিষয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ) ব্যবস্থা গ্রহণ করবেন।
- ২য় শিফটের সম্মানীর জন্য জারিকৃত প্রজ্ঞাপন বাস্তবায়নের বিষয়ে পরিচালক (প্রশাসন) ব্যবস্থা গ্রহণ করবেন।
- পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য আউট সোর্সিং জনবল নিয়োগ করা যেতে পারে।


(দিলীপ কুমার সাহা)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯১৩৮৬৬১।

বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, কালিহাতী, টাঙ্গাইল।